রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, অক্টোবর ২৫, ২০১৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**

**নার্সিং শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৯ কার্তিক, ১৪২৩ বঙ্গাব্দ/২৪ অক্টোবর, ২০১৬ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ৩২১-আইন/২০১৬।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। **শিরোনাম।**—এই বিধিমালা সেবা পরিদপ্তর (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৬ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **"কমিশন"** অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) **"কর্মচারী"** অর্থ তফসিলে উল্লিখিত কোন পদে কর্মরত কোন ব্যক্তি;

(গ) **"ডিগ্রী"** বা **"ডিপ্লোমা"** বা **"সার্টিফিকেট"** অর্থ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়, স্বীকৃত প্রতিষ্ঠান, স্বীকৃত ইনস্টিটিউট বা স্বীকৃত বোর্ড কর্তৃক প্রদত্ত ডিগ্রী, ডিপ্লোমা বা শিক্ষাগত যোগ্যতা নির্দেশক সার্টিফিকেট বা, এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, বোর্ড কর্তৃক স্বীকৃত কোন ডিগ্রি, ডিপ্লোমা বা সার্টিফিকেটের সমমানের শিক্ষাগত যোগ্যতার সনদপত্র;

(ঘ) **"তফসিল"** অর্থ এই বিধিমালার তফসিল;

(ঙ) **"নিয়োগকারী কর্তৃপক্ষ"** অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা;



মূল্য ঃ টাকা ২০.০০

(চ) **"পদ"** অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(ছ) **"প্রয়োজনীয় যোগ্যতা"** অর্থ তফসিলে সংশ্লিষ্ট পদের বিপরীতে উল্লিখিত প্রয়োজনীয় যোগ্যতা;

(জ) **"শিক্ষানবিশ"** অর্থ কোন স্থায়ী শূন্য পদের বিপরীতে শিক্ষানবিশ হিসাবে নিয়োগপ্রাপ্ত কোন ব্যক্তি;

(ঝ) **"সিজিপিএ"** অর্থ Cumulative Grade Point Average (CGPA);

(ঞ) **"স্বীকৃত বিশ্ববিদ্যালয়"** বা **"স্বীকৃত বোর্ড"** বা **"স্বীকৃত প্রতিষ্ঠান"** বা **"স্বীকৃত ইনস্টিটিউট"** অর্থ আপাতত বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা শিক্ষা বোর্ড বা প্রতিষ্ঠান বা ইনস্টিটিউটকে বুঝাইবে এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয়, শিক্ষা বোর্ড, প্রতিষ্ঠান বা ইনস্টিটিউটও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি**।—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি সাপেক্ষে, কোন শূন্য পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা যাইবে, যথা :—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) পদায়ন বা প্রেষণে বদলির মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না, যদি না তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ**।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; এবং

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও প্রয়োজনীয় কাগজপত্রসহ নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি চাকরি কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকেন এবং স্বীয় উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ**।—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বিভাগীয় পদোন্নতি কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে :

তবে শর্ত থাকে যে, তৃতীয় শ্রেণি হইতে দ্বিতীয় শ্রেণি অথবা দ্বিতীয় শ্রেণি হইতে প্রথম শ্রেণি অথবা তৃতীয় শ্রেণি হইতে প্রথম শ্রেণির পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকরির বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিশ**।—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য, নিয়োগ করা হইবে :

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোন শিক্ষানবিশের শিক্ষানবিশি মেয়াদ এক বা একাধিকবার এইরূপে বৃদ্ধি করিতে পারিবেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিশের শিক্ষানবিশি মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হইবার সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাইতে পারিবেন; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিশি মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকরিতে স্থায়ী করিবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিশকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না, যতক্ষণ না সরকারি আদেশবলে, সময়ে সময়ে, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন এবং সফলভাবে প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। **বিশেষ বিধান**।—এই বিধিমালায় যাহা কিছুই থাকুন না কেন, তফসিলের—

(ক) কলাম ১ এর ক্রমিক ১৭ ও ১৮ এর বিপরীতে উল্লিখিত ডিসট্রিক্ট পাবলিক হেলথ নার্স ও ডেপুটি নার্সিং সুপারিনটেনডেন্ট পদে ৩০ এপ্রিল, ২০১৫ খ্রিস্টাব্দ তারিখে কর্মরত কর্মচারীগণ প্রথম শ্রেণির পদমর্যাদায় এবং ক্রমিক নং ২৪ এর বিপরীতে উল্লিখিত নার্সিং সুপারভাইজার পদে ১৪ অক্টোবর, ২০১৪ খ্রিস্টাব্দ তারিখে কর্মরত কর্মচারীগণ এবং ক্রমিক নং ৩০ ও ৩১ এর বিপরীতে উল্লিখিত ডিপ্লোমাধারী সিনিয়র স্টাফ নার্স, স্টাফ নার্স, পাবলিক হেলথ নার্স ও নার্স পদে ১৮ এপ্রিল, ২০১১ খ্রিস্টাব্দ তারিখে কর্মরত কর্মচারীগণ দ্বিতীয় শ্রেণির পদমর্যাদায় উক্ত তারিখে উক্ত পদসমূহে পদায়িত হইয়াছেন বলিয়া গণ্য হইবেন এবং উক্ত তারিখের পরবর্তীতে উল্লিখিত পদসমূহ তফসিলে বর্ণিত পদ্ধতিতে পূরণ করিতে হইবে এবং উক্ত তারিখসমূহে যে সকল কর্মচারী স্বয়ংক্রিয়ভাবে প্রথম শ্রেণি ও দ্বিতীয় শ্রেণির গেজেটেড পদে পদায়িত হইয়াছেন তাহারা নন-গেজেটেড পদে যে কোটায় নিয়োগ প্রাপ্ত ছিলেন গেজেটেড পদেও সেই কোটায় নিয়োগ প্রাপ্ত বলিয়া গণ্য হইবেন;

(খ) কোনো পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনে কোন ভগ্নাংশ হইলে উভয় কোটার ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত হইবে;

(গ) ক্রমিক নং ৩০ এবং ৩১ এর সিনিয়র স্টাফ নার্স, স্টাফ নার্সং এবং পাবলিক হেলথ নার্স পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে, ৩১ ডিসেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত—

(অ) প্রার্থীর বয়সসীমা সর্বোচ্চ ৩৬ বৎসর হইবে; এবং

(আ) মোট শূন্য পদের পাবলিক হেলথ নার্সিং বা নার্সিং এ স্নাতক ডিগ্রিধারী প্রার্থীদের মধ্য হইতে ১০% পদ এবং ডিপ্লোমা ইন নার্সিং বা ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি সার্টিফিকেটধারী প্রার্থীদের মধ্য হইতে ৯০% পদ পূরণ করা হইবে, তবে কোন কোটায় যোগ্য প্রার্থী পাওয়া না গেলে তফসিলের বিধান অনুসারে উক্ত কোটা পূরণ করা হইবে;

(ঘ) সহকারী নার্স পদে কর্মরতগণের পদোন্নতি, মৃত্যু, পদত্যাগ, অবসর অথবা অন্য যেকোনো কারণে পদ শূন্য হইলে উক্ত পদ বিলুপ্ত হইবে; এবং

(ঙ) কোনো পদে কোনো কর্মচারী এডহক ভিত্তিতে নিয়োগপ্রাপ্ত হইলে উক্ত কর্মচারীকে এডহক ভিত্তিতে নিযুক্ত কর্মচারী নিয়মিতকরণ সংক্রান্ত প্রচলিত বিধি-বিধান অনুসারে নিয়মিত করা যাইবে।

৮। **রহিতকরণ ও হেফাজত**।—(১) Directorate of Nursing Services (Gazetted Officers) Recruitment Rules, 1977, Directorate of Nursing Services (Gazetted and Non-Gazetted Post) Recruitment Rules, 1979, Non-Gazetted Staff (Directorate of Nursing Services) Recruitment Rules, 1984 এবং Nursing Personnel Recruitment Rules, 1985, অতঃপর রহিত Rules সমূহ বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

(২) রহিত Rules সমূহের অধীন নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীগণ এই বিধিমালার অধীন নিয়োগপ্রাপ্ত হইয়াছেন বলিয়া গণ্য হইবে।

(৩) রহিত Rules সমূহের অধীন গৃহীত বা কৃত সকল কার্য এই বিধিমালার অধীন গৃহীত বা কৃত বলিয়া গণ্য হইবে।

(৪) এই বিধিমালা প্রবর্তনকালে রহিত Rules সমূহের অধীনে গৃহীত কোন কার্যধারা অনিষ্পন্ন থাকিলে উহা উক্ত রহিত Rules সমূহের অধীনেই এমনভাবে নিষ্পন্ন করিতে হইবে যেন এই বিধিমালা কার্যকর হয় নাই।

**তফসিল**

**[ বিধি-২ (ঘ) দ্রষ্টব্য ]**

| ক্রমিক নং | পদের নাম ও গ্রেড | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | পরিচালক (গ্রেড-৪) | - | পদায়নের মাধ্যমে: তবে পদায়নযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে | পদায়নের ক্ষেত্রে:<br>অধ্যক্ষ (গ্রেড-৪) পদধারীদের মধ্য হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে পদায়ন।<br>প্রেষণে বদলীর ক্ষেত্রে:<br>সরকারের উপ-সচিব পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ২। | অধ্যক্ষ (গ্রেড-৪) | - | পদোন্নতির মাধ্যমে | উপাধ্যক্ষ বা অধ্যাপক পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ৩। | উপাধ্যক্ষ (গ্রেড-৫) | - | পদোন্নতির মাধ্যমে | অধ্যক্ষ (গ্রেড-৬) বা সহযোগী অধ্যাপক বা উপ-পরিচালক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ৪। | অধ্যাপক (গ্রেড-৫) | - | পদোন্নতির মাধ্যমে | অধ্যক্ষ (গ্রেড-৬) বা সহযোগী অধ্যাপক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ৫। | অধ্যক্ষ (গ্রেড-৬) | - | পদোন্নতির মাধ্যমে | সহকারী অধ্যাপক বা প্রজেক্ট অফিসার বা অধ্যক্ষ (গ্রেড-৭) বা নার্সিং সুপারিনটেনডেন্ট (গ্রেড-৭) পদে অন্যূন ৪ (চার) বৎসরের চাকরি। |
| ৬। | সহযোগী অধ্যাপক (গ্রেড-৬) | - | পদোন্নতির মাধ্যমে | সহকারী অধ্যাপক বা প্রজেক্ট অফিসার বা অধ্যক্ষ (গ্রেড-৭) বা নার্সিং সুপারিনটেনডেন্ট (গ্রেড-৭) পদে অন্যূন ৪ (চার) বৎসরের চাকরি। |
| ৭। | উপ-পরিচালক (গ্রেড-৬) | - | পদোন্নতির মাধ্যমে | সহকারী অধ্যাপক বা প্রজেক্ট অফিসার বা অধ্যক্ষ (গ্রেড-৭) বা নার্সিং সুপারিনটেনডেন্ট (গ্রেড-৭) পদে অন্যূন ৪ (চার) বৎসরের চাকরি। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৮। | সহকারী অধ্যাপক (গ্রেড-৭) | - | পদোন্নতির মাধ্যমে | প্রভাষক (নার্সিং) বা প্রভাষক (ইংরেজি) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ৯। | প্রজেক্ট অফিসার (গ্রেড-৭) | - | পদোন্নতির মাধ্যমে | প্রভাষক (নার্সিং) বা সহকারী পরিচালক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ১০। | অধ্যক্ষ (গ্রেড-৭) | - | পদোন্নতির মাধ্যমে | প্রভাষক (নার্সিং) বা প্রভাষক (ইংরেজি) বা সহকারী পরিচালক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ১১। | নার্সিং সুপারিনটেন্ডেন্ট (গ্রেড-৭) | - | পদোন্নতির মাধ্যমে | ডেপুটি নার্সিং সুপারিনটেন্ডেন্ট (গ্রেড-৯) বা নার্সিং সুপারিনটেন্ডেন্ট (গ্রেড-৯) বা সহকারী পরিচালক বা প্রভাষক (নার্সিং) বা ডিসট্রিক্ট পাবলিক হেলথ নার্স পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরিসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পাবলিক হেলথ নার্সিং বা নার্সিং এ স্নাতক ডিগ্রি। |
| ১২। | নার্সিং সুপারিনটেন্ডেন্ট (গ্রেড-৯) | - | পদোন্নতির মাধ্যমে | সিস্টার টিউটার ইনচার্জ বা নার্সিং ইনস্ট্রাকটর ইনচার্জ বা নার্সিং ইনস্ট্রাকটর বা ইনস্ট্রাকটর বা সেবিকা শিক্ষয়িত্রী বা নার্সিং সুপারভাইজার বা ডেমোনেস্ট্রেটর (গ্রেড-১০) বা সিনিয়র স্টাফ নার্স/স্টাফ নার্স বা পাবলিক হেলথ নার্স বা মিডওয়াইফ পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরিসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পাবলিক হেলথ নার্সিং বা নার্সিং এ স্নাতক ডিগ্রি। |
| ১৩। | সহকারী পরিচালক (গ্রেড-৯) | - | পদোন্নতির মাধ্যমে | সিস্টার টিউটার ইনচার্জ বা নার্সিং ইনস্ট্রাকটর ইনচার্জ বা নার্সিং ইনস্ট্র্যাকটর বা ইনস্ট্রাকটর বা সেবিকা শিক্ষয়িত্রী বা নার্সিং সুপারভাইজার বা ডেমোনেস্ট্রেটর (গ্রেড-১০) বা সিনিয়র স্টাফ নার্স/স্টাফ নার্স বা পাবলিক হেলথ নার্স বা মিডওয়াইফ পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরিসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পাবলিক হেলথ নার্সিং বা নার্সিং এ স্নাতক ডিগ্রি। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৪। | প্রভাষক নার্সিং (গ্রেড-৯) | - | পদোন্নতির মাধ্যমে | সিনিয়র স্টাফ নার্স/স্টাফ নার্স বা পাবলিক হেলথ নার্স পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরিসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পাবলিক হেলথ নার্সিং বা নার্সিং এ স্নাতক ডিগ্রি। |
| ১৫। | প্রভাষক (ইংরেজি) (গ্রেড-৯) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইংরেজি বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| ১৬। | সহকারী প্রোগ্রামার (গ্রেড-৯) | Computer Personnel(Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী। | | |
| ১৭। | ডিসট্রিক্ট পাবলিক হেলথ নার্স (গ্রেড-৯) | - | পদোন্নতির মাধ্যমে | সিস্টার টিউটার ইনচার্জ বা নার্সিং ইনস্ট্রাকটর ইনচার্জ বা নার্সিং ইনস্ট্রাকটর বা ইনস্ট্রাকটর বা সেবিকা শিক্ষয়িত্রী বা নার্সিং সুপারভাইজার বা ডেমোনেস্ট্রেটর (গ্রেড-১০) বা সিনিয়র স্টাফ নার্স/স্টাফ নার্স বা পাবলিক হেলথ নার্স বা মিডওয়াইফ পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরিসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পাবলিক হেলথ নার্সিং বা নার্সিং এ স্নাতক ডিগ্রি। |
| ১৮। | ডেপুটি নার্সিং সুপারিনটেন্ডেন্ট (গ্রেড-৯) | - | পদোন্নতির মাধ্যমে | সিস্টার টিউটার ইনচার্জ বা নার্সিং ইনস্ট্রাকটর ইনচার্জ বা নার্সিং ইনস্ট্রাকটর বা ইনস্ট্রাকটর বা সেবিকা শিক্ষয়িত্রী বা নার্সিং সুপারভাইজার বা ডেমোনেস্ট্রেটর (গ্রেড-১০) বা সিনিয়র স্টাফ নার্স/স্টাফ নার্স বা পাবলিক হেলথ নার্স বা মিডওয়াইফ পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরিসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পাবলিক হেলথ নার্সিং বা নার্সিং এ স্নাতক ডিগ্রি। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৯। | সিস্টার টিউটার ইনচার্জ (গ্রেড-১০) | - | বদলি বা পদায়নের মাধ্যমে | সিনিয়র স্টাফ নার্স/স্টাফ নার্স বা পাবলিক হেলথ নার্স পদধারীদের মধ্য হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে বদলি বা পদায়ন এর মাধ্যমে। |
| ২০। | নার্সিং ইনস্ট্রাকটর ইনচার্জ (গ্রেড-১০) | - | বদলি বা পদায়নের মাধ্যমে | সিনিয়র স্টাফ নার্স/স্টাফ নার্স বা পাবলিক হেলথ নার্স পদধারীদের মধ্য হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে বদলি বা পদায়ন এর মাধ্যমে। |
| ২১। | নার্সিং ইনস্ট্রাকটর (গ্রেড-১০) | - | বদলি বা পদায়নের মাধ্যমে | সিনিয়র স্টাফ নার্স/স্টাফ নার্স বা পাবলিক হেলথ নার্স পদধারীদের মধ্য হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে বদলি বা পদায়ন এর মাধ্যমে। |
| ২২। | ইনস্ট্রাকটর (গ্রেড-১০) | - | বদলি বা পদায়নের মাধ্যমে | সিনিয়র স্টাফ নার্স/স্টাফ নার্স বা পাবলিক হেলথ নার্স পদধারীদের মধ্য হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে বদলি বা পদায়ন এর মাধ্যমে। |
| ২৩। | সেবিকা শিক্ষয়িত্রী (গ্রেড-১০) | - | বদলি বা পদায়নের মাধ্যমে | সিনিয়র স্টাফ নার্স/স্টাফ নার্স বা পাবলিক হেলথ নার্স পদধারীদের মধ্য হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে বদলি বা পদায়ন এর মাধ্যমে। |
| ২৪। | নার্সিং সুপারভাইজার (গ্রেড-১০) | - | বদলি বা পদায়নের মাধ্যমে | সিনিয়র স্টাফ নার্স/স্টাফ নার্স বা পাবলিক হেলথ নার্স পদধারীদের মধ্য হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে বদলি বা পদায়ন এর মাধ্যমে। |
| ২৫। | ডেমোনেস্ট্রেটর (গ্রেড-১০) | - | পদোন্নতির মাধ্যমে | ডেমোনেস্ট্রেটর (গ্রেড-১১) পদে ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ২৬। | পরিসংখ্যানবিদ (গ্রেড-১০) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক(সম্মান) ডিগ্রি এবং কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ২৭। | লাইব্রেরিয়ান (গ্রেড-১০) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা স্নাতক (সম্মান) ডিগ্রিসহ কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে গ্রন্থগার বিজ্ঞানে ডিপ্লোমা এবং কম্পিউটার চালনায় দক্ষতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২৮। | সহকারী লাইব্রেরিয়ান (গ্রেড-১০) | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রেঃ** লাইব্রেরিয়ান (গ্রেড-১১) পদে অন্যূন ৪ (চার) বৎসর অথবা লাইবেরিয়ান (গ্রেড-১৪) পদে অন্যূন ৭ (সাত) বৎসর অথবা সহকারী লাইব্রেরিয়ান (গ্রেড-১৬) বা লাইব্রেরি সহকারী (গ্রেড-১৬) পদে অন্যূন ১০ (দশ) বৎসরের চাকরি এবং কম্পিউটার চালনায় দক্ষতা<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা স্নাতক (সম্মান) ডিগ্রিসহ কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা এবং কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ২৯। | কোঅর্ডিনেটর (গ্রেড-১০) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থ বিজ্ঞান বা ফলিত পদার্থ বিজ্ঞান বা গণিত বা পরিসংখ্যান বা বাণিজ্য বা সামাজিক বিজ্ঞান বিষয়ে স্নাতক (সম্মান) ডিগ্রি এবং Word processing, ই- মেইল ও ফ্যাক্স পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতাসহ কম্পিউটার এ্যাপটিচিউট টেস্টে উত্তীর্ণ। |
| ৩০। | সিনিয়র স্টাফ নার্স/স্টাফ নার্স (গ্রেড-১০) | ৩০ বৎসর | (ক) ৩% পদ পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে<br>(খ) ৯৭% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>সহকারী নার্স পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে নার্সিং এ স্নাতক ডিগ্রি অথবা কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ডিপ্লোমা-ইন-নার্সিং বা ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি সার্টিফিকেট এবং বাংলাদেশ নার্সিং কাউন্সিল কর্তৃক নিবন্ধিত। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩১। | পাবলিক হেলথ নার্স (গ্রেড-১০) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পাবলিক হেলথ নার্সিং বা নার্সিং এ স্নাতক ডিগ্রি অথবা কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ডিপ্লোমা-ইন-নার্সিং বা ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এণ্ড মিডওয়াইফারি সার্টিফিকেট এবং বাংলাদেশ নার্সিং কাউন্সিল কর্তৃক নিবন্ধিত। |
| ৩২। | মিডওয়াইফ (গ্রেড-১০) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মিডওয়াইফারি বিষয়ে স্নাতক ডিগ্রি বা কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এণ্ড মিডওয়াইফারি সার্টিফিকেট এবং বাংলাদেশ নার্সিং কাউন্সিল কর্তৃক নিবন্ধিত। |
| ৩৩। | ডেমোনেস্ট্রেটর (গ্রেড-১১) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে নার্সিং এ স্নাতক ডিগ্রি অথবা কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ডিপ্লোমা-ইন-নার্সিং বা ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এণ্ড মিডওয়াইফারি সার্টিফিকেট এবং বাংলাদেশ নার্সিং কাউন্সিল কর্তৃক নিবন্ধিত। |
| ৩৪। | লাইব্রেরিয়ান (গ্রেড-১১) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতকোত্তর ডিগ্রী অথবা স্নাতক (সম্মান) ডিগ্রিসহ কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা এবং কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ৩৫। | প্রশাসনিক কর্মকর্তা (গ্রেড-১১) | - | পদোন্নতির মাধ্যমে | প্রশাসনিক কর্মকর্তা (গ্রেড-১২) পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকরি। |
| ৩৬। | প্রশাসনিক কর্মকর্তা (গ্রেড-১২) | - | পদোন্নতির মাধ্যমে | প্রধান সহকারী বা অফিস তত্ত্বাবধায়ক বা পিএ টু অধ্যক্ষ বা সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরি অথবা উচ্চমান সহকারী পদে অন্যূন ৮(আট) বৎসরের চাকরি এবং কম্পিউটার চালনায় দক্ষতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩৭। | হিসাব রক্ষণ কর্মকর্তা (গ্রেড-১২) | ৩০ বৎসর | (ক) ৭৫% পদ পদোন্নতির মাধ্যমে;এবং<br>(খ) ২৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>হিসাব রক্ষক বা প্রধান সহকারী কাম হিসাব রক্ষক পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরী এবং কম্পিউটার চালনায় দক্ষতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতক (সম্মান) ডিগ্রী এবং কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ৩৮। | প্রধান সহকারী (গ্রেড-১৩) | - | পদোন্নতির মাধ্যমে | উচ্চমান সহকারী বা সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটর অপারেটর পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকরি। |
| ৩৯। | পি এ টু অধ্যক্ষ (গ্রেড-১৩) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত। |
| ৪০। | অফিস তত্ত্বাবধায়ক (গ্রেড-১৩) | ৩০ বৎসর; তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক (সম্মান) ডিগ্রী এবং প্রশাসনিক কাজে অন্যূন ৩(তিন) বৎসরের অভিজ্ঞতা। |
| ৪১। | সাঁটলিপিকার-কাম কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩) | Stenographers and Steno-typists (Ministries, Divistions and Attached Departments) Recruitment Rules, 1978 অনুযায়ী। তবে সাঁট-লিপিকার বা স্টেনোগ্রাফার, সাঁট-মুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিস্ট, অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবি পরিবর্তন ও নিয়োগ যোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০ অনুযায়ী শুধুমাত্র মুদ্রাক্ষর যন্ত্রের গতি সম্পর্কিত বিধানের পরিবর্তে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি হইবে নিম্নরূপ, যথাঃ-<br>(ক) বাংলাঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দ;<br>(খ) ইংরেজিঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০ শব্দ। | | |
| ৪২। | কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩) | Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী। | | |
| ৪৩। | উচ্চমান সহকারী (গ্রেড-১৪) | Ministries and Divistion (Upper Division Assistant and Section Assistant) Recruitment Rules, 1984 অনুযায়ী। | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৪৪। | হিসাব রক্ষক (গ্রেড-১৪) | - | ক্যাশিয়ার পদ হইতে পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদ হইতে পদোন্নতির মাধ্যমে | ক্যাশিয়ার বা অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকরি এবং কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ৪৫। | প্রধান সহকারী কাম হিসাব রক্ষক (গ্রেড-১৪) | - | পদোন্নতির মাধ্যমে | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক বা ক্যাশিয়ার পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরি এবং কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ৪৬। | সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর (গ্রেড-১৪) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত। |
| ৪৭। | হাউজ সিস্টার (গ্রেড-১৪) | - | পদোন্নতির মাধ্যমে | হোম সিস্টার বা হাউজ কিপার পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরি। |
| ৪৮। | হোম ভিজিটর (গ্রেড-১৪) | - | পদোন্নতির মাধ্যমে | হোম সিস্টার বা হাউজ কিপার পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরি। |
| ৪৯। | লাইব্রেরিয়ান (গ্রেড-১৪) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে স্নাতক (সম্মান) ডিগ্রি অথবা স্নাতক (সম্মান) ডিগ্রিসহ কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা এবং কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ৫০। | ল্যাবরেটরি সহকারী (গ্রেড-১৪) | ৩০ বৎসর; তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর | (ক) ১০% পদ পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৯০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>ল্যাব এ্যাসিসটেন্ট পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজি সার্টিফিকেটসহ ৩(তিন) বৎসরের অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৫১। | সহকারী নার্স (গ্রেড-১৫) | বিধি ৭ এর দফা (ঘ) দ্রষ্টব্য। | | |
| ৫২। | ড্রাইভার (ভারী) (গ্রেড-১৫) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ ভারী যানবাহন চালনার অভিজ্ঞতা। |
| ৫৩। | ড্রাইভার (হালকা) (গ্রেড-১৬) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ হালকা যানবাহন চালনার অভিজ্ঞতা। |
| ৫৪। | ডাটা এন্ট্রি অপারেটর (গ্রেড-১৬) | Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী। | | |
| ৫৫। | ল্যাব এ্যাসিসটেন্ট (গ্রেড-১৬) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজি সার্টিফিকেট। |
| ৫৬। | স্টোর কিপার (গ্রেড-১৬) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট। |
| ৫৭। | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬) | ৩০ বৎসর | (ক) ৩০% পদ পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৭০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>(ক) ফটোকপি অপারেটর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসর বা অফিস সহায়ক (গ্রেড-১৯) পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরি; এবং<br>(খ) মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলা ২০ শব্দ ও ইংরেজিতে ২০ শব্দের গতিসহ কম্পিউটার চালনায় দক্ষতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত। |
| ৫৮। | ক্যাশিয়ার (গ্রেড-১৬) | ৩০ বৎসর | (ক) ৫% পদ পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৯৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>ক্যাশ সরকার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি এবং কম্পিউটার চালনায় দক্ষতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ কম্পিউটার চালনায় দক্ষতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৫৯। | সহকারী লাইব্রেরিয়ান (গ্রেড-১৬) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট কোর্সে উত্তীর্ণ এবং কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ৬০। | লাইব্রেরি সহকারী (গ্রেড-১৬) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট কোর্সে উত্তীর্ণ এবং কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ৬১। | হাউজ কিপার (গ্রেড-১৬) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট;<br>(খ) প্রার্থীকে অবশ্যই মহিলা হইতে হইবে। |
| ৬২। | হোম সিস্টার (গ্রেড-১৬) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট;<br>(খ) প্রার্থীকে অবশ্যই মহিলা হইতে হইবে। |
| ৬৩। | আর্টিস্ট (গ্রেড-১৬) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে ফাইন আর্ট বিষয়ে স্নাতক ডিগ্রি। |
| ৬৪। | ইলেকট্রিশিয়ান (গ্রেড-১৬) | ৩০ বৎসর; তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট ট্রেডে বেসিক কোর্সসহ ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা অথবা সংশ্লিষ্ট ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমান সার্টিফিকেটসহ ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৬৫। | ফটোকপি অপারেটর (গ্রেড-১৮) | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>অফিস সহায়ক (গ্রেড-২০) পদে অন্যূন্য ৫(পাঁচ) বৎসরের চাকরিসহ ফটোকপি মেশিন চালনায় বাস্তব অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ ফটোকপি মেশিন চালনায় বাস্তব অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৬৬। | পাম্প মেশিন অপারেটর (গ্রেড-১৮) | ৩০ বৎসর; তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট বিষয়ে বেসিক কোর্সে উত্তীর্ণ অথবা মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) বা সমমানের সার্টিফিকেটসহ ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৬৭। | রেকর্ড কিপার (গ্রেড-১৯) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট। |
| ৬৮। | ক্যাশ সরকার (গ্রেড-১৯) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট। |
| ৬৯। | অফিস সহায়ক (গ্রেড-১৯) | .. | পদোন্নতির মাধ্যমে | অফিস সহায়ক (গ্রেড-২০) পদে ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ৭০। | অফিস সহায়ক (গ্রেড-২০) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট। |
| ৭১। | প্লাম্বার (গ্রেড-২০) | ৩০ বৎসর; তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে বেসিক কোর্সে উত্তীর্ণসহ ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৭২। | টেবিল বয় (গ্রেড-২০) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৭৩। | নিরাপত্তা প্রহরী (গ্রেড-২০) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৭৪। | মালী (গ্রেড-২০) | ৩০ বৎসর; তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৭৫। | বাবুর্চি/সহকারী বাবুর্চি (গ্রেড-২০) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ রান্নার কাজে বাস্তব অভিজ্ঞতা। |
| ৭৬। | পরিচ্ছন্নতা কর্মী (গ্রেড-২০) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সৈয়দ মনজুরুল ইসলাম**
সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd